

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৪৬৩৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮৩২]
৩৪। প্রশাসন ও নেতৃত্ব (کتاب الإمارة)
পরিচ্ছেদঃ ৭. সরকারী কর্মচারীদের উপহার গ্রহণ নিষিদ্ধ

باب تَحْرِيمٍ هَدَايَا الْعُمَّالِ

আরবী

وَحَدَّثَنَاهُ إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، أَخْبَرَنَا جَرِيرٌ، عَنِ الشَّيْبَانِيّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ ذَكْوَانَ، _ وَهُوَ أَبُو الزِّنَادِ _ عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم اسْتَعْمَلَ رَجُلاً عَلَى الصَّدَقَةِ فَجَاءَ بِسَوَادٍ كَثِيرٍ فَجَعَلَ يَقُولُ هَذَا لَكُمْ وَهَذَا أُهْدِي إِلَىَّ . فَذَكَرَ نَحْوَهُ قَالَ عُرْوَةُ فَقُلْتُ لأَبِي حُمَيْدٍ السَّاعِدِيِّ أَسَمِعْتَهُ مِنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ مِنْ فِيهِ إِلَى أُذُنِي . فَذَكر نَصُولُ الله عليه وسلم فَقَالَ مِنْ فِيهِ إِلَى أُذُنِي .

বাংলা

৪৬৩৬-(২৯/...) ইসহাক ইবনু ইবরাহীম (রহঃ) উরওয়াহ্ ইবনু যুবায়র (রায়িঃ) হতে বর্ণিত যে, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে সাদাকা্ উসূলের জন্য কর্মচারী নিযুক্ত করেন। সে প্রচুর মাল নিয়ে আসলো আর বলতে লাগলো এটা আপনাদের আর ওটা আমাকে উপহার দেয়া হয়েছে। তারপর রাবী অনুরূপ বর্ণনা করেন। রাবী উরওয়াহ্ (রহঃ) বলেন, আমি আবৃ হুমায়দ আস-সাইদী (রায়িঃ)-কে জিজ্ঞেস করলাম আপনি নিজে কি তা রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট থেকে শুনেছেন? জবাবে তিনি বললেন, তার পবিত্র মুখ থেকে সরাসরি আমার কানে শুনেছি। (ইসলামিক ফাউন্ডেশন ৪৫৯০, ইসলামিক সেন্টার ৪৫৯৩)

English

It has been narrated on the authority of Abu Humaid as-Sa'idi that the Messenger of Allah () appointed a man in charge of Sadaqa (authorising him to receive charity from the people on behalf of the State). He came (back to the Holy prophet) with a large number of things and started saying: This is for you and this has been presented to me as a gift. Here follows the tradition that has gone before except that 'Urwa (one of the narrators in the chain of transmitters) asked Abu Humaid: Did you hear it from the



Messenger of Allah (himself) (ﷺ)? He replied: My ears heard it from his mouth.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উরওয়াহ বিন যুবাইর (রহ,)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন